Regd. No. DA. 84

১৬শ বর্ষ : ১৯৫তম সংখ্যা

THE DAILY ITTEFAQ

প্রতিষ্ঠাতা: তফাজ্জল হোসেন (মানিক মিয়া)

মূল্য : পূর্ব পাকিস্তানে ২৫ পয়সা
পশ্চিম পাকিস্তানে ৪০ পয়সা

Price : East Pak. 25 paisa
West Pak. 40 paisa

ইত্তেফাকের চাঁদার হার (সডাক)
ত্রৈমাসিক—২৩·০০
ষান্মাসিক—৪৫·০০
বার্ষিক—৯০·০০

ঢাকা : শনিবার, ১৮ই ভাদ্র, ১৩৭৮ :: ১৩ই রজব, ১৩৯১ হিঃ :: Saturday, September 4, 1971 :: মফস্বল : রবিবার, ১৯শে ভাদ্র, ১৩৭৮ :: ১৪ই রজব, ১৩৯১ হিঃ :: Sunday, September 5, 1971

আগা শাহী কর্তৃক জাতিসংঘের উদ্যোগে উদ্বাস্তুদের সংখ্যা নিরূপণের আহ্বান

জাতিসংঘ, ৩রা সেপটেম্বর রয়টার—পাকিস্তানী রাষ্ট্রদূত জনাব আগা শাহী গতকাল সেক্রেটারী জেনারেল উ থানতের নিকট প্রস্তাব করেন যে, জাতিসংঘের উদ্যোগে নিরপেক্ষভাবে ভারতে পূর্ব পাকিস্তানী উদ্বাস্তুদের সংখ্যা নিরূপণ করা উচিত।

জনাব আগা শাহী সাংবাদিকদের বলেন যে, ভারতে পাকিস্তানী উদ্বাস্তুর সংখ্যা ২০ লক্ষের সামান্য বেশী বলিয়া তিনি উ থানতকে জানাইয়াছেন।

তিনি থানতের নিকট উদ্বাস্তুদের জেলা-ওয়ারী তালিকা পেশ করিয়াছেন বলিয়া উল্লেখ করেন। উক্ত তালিকা পুংখানুপুংখরূপে অন্তের মাধ্যমে তৈরী হইয়াছে বলিয়াও তিনি জানান।

প্রেসিডেন্ট সকাশে ভারতস্থ পাকিস্তানী হাই কমিশনার

রাওয়ালপিণ্ডি, ৩রা সেপ্টেম্বর (এপিপি)—ভারতে নিযুক্ত পাকিস্তানের হাই কমিশনার জনাব সাজ্জাদ হায়দার আজ এখানে প্রেসিডেন্ট ভবনে প্রেসিডেন্ট জেনারেল এ, এম, ইয়াহিয়া খানের সহিত সাক্ষাৎ করেন।

জেনারেল হামিদের করাচী উপস্থিতি

করাচী, ৩রা সেপ্টেম্বর এপিপি—পাকিস্তান সেনাবাহিনীর চীফ অব ষ্টাফ জেনারেল আবদুল হামিদ খান অদ্য সন্ধ্যায় রাওয়ালপিণ্ডি হইতে এখানে উপনীত হইয়াছেন। ড্রিগ রোডে পি এ এফ বিমান ঘাঁটিতে অবতরণ করিলে সিন্ধুর গভর্নর লেঃ জেনারেল রাখমান গুল, করাচী গ্যারিসনের জিওসি মেজর জেনারেল এস এম মুস্তাফা প্রমুখ তাঁহাকে অভ্যর্থনা জ্ঞাপন করেন।

জ্ঞাতব্য

গতকাল শুক্রবার ঢাকায় এপিপির সংবাদে জনসাধারণের অবগতির জন্য জানান হয় যে, আজ (শনিবার) সকাল ১০টা হইতে ১১টা পর্যন্ত ঢাকা-টঙ্গী রোডে নয়া এয়ারপোর্টের উত্তরে গুলী চালনা অনুশীলন হইবে।

ডাঃ আবদুল মোত্তালেব মালিক, এইচ, কিউ, এ, গতকাল (শুক্রবার) ঢাকার গভর্ণর ভবনে পূর্ব পাকিস্তানের নয়া গভর্ণর হিসাবে শপথ গ্রহণ করেন। চিত্রে ঢাকা হাইকোর্টের প্রধান বিচারপতি জনাব বি, এ, সিদ্দিকীকে শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করিতে দেখা যাইতেছে।

নয়া গভর্নরের শপথ গ্রহণ

এপিপি পরিবেশিত খবরে বলা হইয়াছে: ডাঃ আবদুল মোত্তালিব মালিক গতকাল (শুক্রবার) বৈকালে পূর্ব পাকিস্তানের ১১তম গভর্ণর হিসাবে শপথ গ্রহণ করেন। গভর্ণর ভবনের দরবার হলে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়।

ঢাকা হাই কোর্টের প্রধান বিচারপতি জনাব বি,এ, সিদ্দিকী শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন।

ডাঃ এ, এম, মালিক লেঃ জেনারেল টিক্কা খানের স্থলাভিষিক্ত হইয়াছেন।

প্রেসিডেন্ট কর্তৃক গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আশ্বাস এবং ক্ষমতা হস্তান্তরের অন্যতম পদক্ষেপ হিসাবে ডাঃ মালিককে গভর্ণর নিয়োগ করা হইয়াছে। তিনি যথাসম্ভব শীঘ্র প্রেসিডেন্টের নিকট তাঁহার মন্ত্রিপরিষদের সদস্যদের নামের তালিকা পেশ করিবেন বলিয়া আশা করা যাইতেছে।

'খ' অঞ্চলের সামরিক আইন পরিচালক লেঃ জেনারেল এ, এ, কে, নিয়াজী, জাতীয় পরিষদের সাবেক স্পীকার আবদুল জব্বার খান, সাবেক গভর্ণর জনাব আবদুল মোনেম খান ও জনাব সুলতান উদ্দিন আহমদ, জনাব ফজলুল কাদের চৌধুরী, খান এ, সবুর, জাতীয় পরিষদ সদস্য জনাব জহিরুদ্দিন, অধ্যাপক গোলাম আজম, পীর মোহসিন উদ্দিন, জনাব ইউসুফ আলী চৌধুরী, সৈয়দ আজিজুল হক, জনাব এ, এস, এম, সোলায়মান, ঢাকা হাইকোর্টের বিচারপতি, কূটনৈতিক মিশনের প্রতিনিধিবর্গ, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক

(শেষ পৃঃ দ্রঃ)

সাহায্য ও সহযোগিতা কামনা

গতকাল (শুক্রবার) গভর্ণর হিসাবে দায়িত্বভার গ্রহণের পরে গভর্ণর ভবনের দরবার হলে উপস্থিত অতিথিবৃন্দের উদ্দেশে এক সংক্ষিপ্ত ভাষণদান প্রসঙ্গে নয়া গভর্ণর ডাঃ এ, এম, মালিক আল্লার অনুগ্রহ এবং সকলের সহযোগিতা ও সাহায্য প্রার্থনা করেন। তিনি বলেন, আল্লার অনুগ্রহ ও জনগণের সাহায্য ও সহযোগিতার মাধ্যমেই সাফল্য অর্জন করা যাইতে পারে।

অনুষ্ঠান শেষে গভর্ণর ডাঃ এ, এম, মালিক প্রাণখোলাভাবে সকলের সহিত মেলামেশা করেন এবং এই জটিল পরিস্থিতিতে দায়িত্ব পালনের ব্যাপারে তিনি সকলের শুভেচ্ছা, দোয়া, সাহায্য ও সহযোগিতা কামনা করেন।

শপথ অনুষ্ঠান শেষে গভর্ণর ঢাকা হাই কোর্ট প্রাঙ্গণে যান এবং তথায় অবস্থিত মাজারে ফাতেহা পাঠ করেন। অতঃপর তিনি মরহুম শেরে বাংলা এ, কে, ফজলুল হক, মরহুম হোসেন শহীদ সোহরাওয়ার্দী ও মরহুম খাজা নাজিমুদ্দিনের মাজারে গিয়া ফাতেহা পাঠ করেন।

ওয়াশিংটন, ৩রা সেপ্টেম্বর (এপিপি/রয়টার)—যুক্তরাষ্ট্র ইহার সর্বাধুনিক কিছুসংখ্যক ট্যাঙ্ক জর্দানকে সরবরাহ করিতেছে বলিয়া গতকাল এখানে সরকারীসূত্রে জানা গিয়াছে। উক্ত সূত্র অবশ্য কি পরিমাণ ট্যাংক সরবরাহ করা হইয়াছে উহা প্রকাশ করিতে অস্বীকার করিলেও বলেন যে, গত কয়েক সপ্তাহ যাবৎ জর্দানে এম-৬০ ট্যাঙ্ক সরবরাহ করা হইতেছে।

৭১ সালের ষ্টেট ব্যাংক সংশোধনী অর্ডিন্যান্স জারি

২কোটি টাকার মূলধন লইয়া রফতানী ঋণ তহবিল গঠন

ইসলামাবাদ, ৩রা সেপটেম্বর এপিপি—গত ৩১শে আগষ্ট প্রেসিডেন্ট কর্তৃক জারিকৃত ও আজ এখানে সংবাদপত্রে প্রদত্ত ১৯৭১ সালের পাকিস্তান ষ্টেট ব্যাঙ্ক (সংশোধনী) অর্ডিন্যান্স মোতাবেক রফতানীক্ষেত্রে, মধ্যম ও দীর্ঘমেয়াদী অর্থ বিনিয়োগের চাহিদা পূরণের জন্য পাকিস্তান ষ্টেট ব্যাঙ্কে ২ কোটি টাকার প্রাথমিক মূলধন লইয়া একটি রফতানী ঋণ তহবিল গঠন করা হইয়াছে।

সংশোধনী অর্ডিন্যান্সে পাকিস্তান বিনিয়োগ কর্পোরেশনকে (আই সি পি) ঋণপত্রের 'ডিসকাউন্ট হাউস' হিসাবে কাজ করার ক্ষমতা দানের জন্যও পাকিস্তান ষ্টেট ব্যাঙ্ককে অনুমতি দেওয়া হইয়াছে।

তাহা ছাড়া পাকিস্তান ষ্টেট ব্যাঙ্ককে ঋণপত্র পুনরায় ভাঙ্গাইবার সুযোগ-সুবিধা প্রদানেরও ক্ষমতা দেওয়া হইয়াছে। এই ঋণপত্রের মধ্যে আই সি পি'র পেশকৃত ঋণপত্রও অন্তর্ভুক্ত হইবে।

সংশোধিত অর্ডিন্যান্সের অধীনে

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

অদ্য পররাষ্ট্র সেক্রেটারীর মস্কো যাত্রা

রাওয়ালপিণ্ডি, ৩রা সেপ্টেম্বর (এ পি পি)—পররাষ্ট্র দফতরের সেক্রেটারী জনাব সুলতান এম,খান সোভিয়েট ইউনিয়নে এক সরকারী সফর উপলক্ষে আগামীকাল মস্কো যাত্রা করিবেন। সোভিয়েট রাজধানীতে অবস্থানকালে জনাব সুলতান মোহাম্মদ খান সোভিয়েট পররাষ্ট্র মন্ত্রী গ্রোমিকো ও অন্যান্য সোভিয়েট নেতার সহিত সাক্ষাৎ করিবেন। এবং তাহাদের সহিত পরস্পর স্বার্থসংশ্লিষ্ট ব্যাপারে আলোচনা করিবেন।

ইয়ামেনী প্রধানমন্ত্রীর পদত্যাগ

কায়রো, ৩রা সেপ্টেম্বর (এপিপি। রয়টার)—ইয়েমেনী আরব প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী জেনারেল আল-আরামী গতকাল পদত্যাগ করিয়াছেন এবং বিমানযোগে বৈরুত উপনীত হইয়াছেন বলিয়া যানা হইতে মিডল ইষ্ট নিউজ এজেন্সীর খবরে বলা হয়। রিপোর্টে আরও বলা হয় যে, মাত্র ১০দিন পূর্বে জেনারেল আয়ানী তাঁহার মন্ত্রিসভা গঠন করিয়াছিলেন। তিনি শুধু প্রধানমন্ত্রিত্ব ত্যাগ করেন নাই, পক্ষান্তরে ইয়ামেনী সশস্ত্র

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

লেঃ জেনারেল নিয়াজীর নয়া দায়িত্বভার গ্রহণ

এপিপি পরিবেশিত সংবাদে বলা হয়: গতকাল (শুক্রবার) ঢাকায় লেঃ জেনারেল এ, এ, কে, নিয়াজী, কম্যাণ্ডার, ইষ্টার্ণ কম্যাণ্ড 'খ' এলাকার সামরিক আইন প্রশাসকের দায়িত্বভার গ্রহণ করিয়াছেন।

তিনি লেঃ জেনারেল টিক্কা খানের স্থলাভিষিক্ত হইলেন।

এইদিন মেজর জেনারেল রহিম খান 'খ' এলাকার ডেপুটি সামরিক আইন প্রশাসকের দায়িত্ব গ্রহণ করিয়াছেন।

প্রেসিডেন্ট সকাশে জেনারেল টিক্কা খান

রাওয়ালপিণ্ডি, ৩রা সেপ্টেম্বর (এপিপি)—লেঃ জেনারেল টিক্কা খান আজ এখানে প্রেসিডেন্ট ভবনে প্রেসিডেন্ট জেনারেল এ, এম, ইয়াহিয়া খানের সহিত সাক্ষাৎ করেন। তিনি প্রেসিডেন্টের সহিত কিছু সময় অতিবাহিত করেন।

বার্লিন প্রশ্নে উত্তেজনার অবসান

বৃহৎ চতুঃশক্তির মধ্যে দীর্ঘ প্রতীক্ষিত চুক্তি স্বাক্ষরিত

পশ্চিম বার্লিন, ৩রা সেপ্টেম্বর (এ পি পিরয়টার)—বার্লিন শহরকে লইয়া রাশিয়া ও পাশ্চাত্য ত্রিশক্তির মধ্যকার উত্তেজনার অবসান ঘটাইবার জন্য আজ এখানে দীর্ঘপ্রতীক্ষিত বার্লিন চুক্তিটি স্বাক্ষরিত হয়। যুক্তরাষ্ট্র, সোভিয়েট ইউনিয়ন, বৃটেন ও ফ্রান্স উক্ত চুক্তিতে স্বাক্ষরদান করে।

জার্মান ভাষ্য সম্পর্কে মতৈক্য

পূর্ববর্তী খবরে উল্লেখ করা হয় যে, পূর্ব ও পশ্চিম জার্মান আলোচনাকারীরা চতুঃশক্তি বার্লিন চুক্তির অনুমোদিত জার্মান ভাষ্যের একটি সাধারণ বিবরণ সম্পর্কে মতৈক্যে পৌছিয়াছেন।

উল্লেখযোগ্য যে, ইংরাজী ও রুশ ভাষ্যের জার্মান অনুবাদ সম্পর্কে মতানৈক্য দেখা দিলেই মূলতঃ চতুঃশক্তির মধ্যে উক্ত চুক্তি স্বাক্ষর স্থগিত রাখা হয়। গতকাল এই চুক্তি স্বাক্ষর করার কথা ছিল।

তবে জনৈক মিত্রপক্ষীয় মুখপাত্র বলেন যে, মার্কিন রাষ্ট্রদূত কেনেথ রাসের অসুস্থতাই এই বিলম্বের কারণ। মিঃ রাস বৃটিশ, ফরাসী ও সোভিয়েট রাষ্ট্রদূতের সহিত একত্রে ১৭ মাসে এই চুক্তিটি প্রণয়ন করেন।

আজ চতুঃশক্তি বিশেষজ্ঞগণ সাবেক মিত্রপক্ষীয় কণ্ট্রোল কাউন্সিল ভবনে তাহাদের আলোচনা চালাইয়া যান। পর্যবেক্ষক মহল ধারণা করেন যে, বিশেষজ্ঞগণ তাহাদের চূড়ান্ত অনুমোদনের পূর্বে জার্মান ভাষ্যটি আরও পরীক্ষা করিয়া দেখেন।

বন্যা পরিস্থিতির আরও উন্নতি

৪টি প্রধান নদীর পানি বিপদসীমার উর্ধ্বে

গতকাল (শুক্রবার) এ, পি, পি পরিবেশিত এক খবরে বলা হয়: প্রদেশের সকল নদীতে পানির উচ্চতা হ্রাসের ফলে গতকাল পূর্ব পাকিস্তানের সামগ্রিক বন্যা পরিস্থিতির আরও উন্নতি ঘটে। অবশ্য চারটি প্রধান নদী পদ্মা, শীতলক্ষ্যা, কুমার ও বুড়ীগঙ্গার পানি এখনও বিপদসীমার উপরে প্রবাহিত হইতেছে। তিন সপ্তাহের বন্যায় ১২ ব্যক্তি প্রাণ হারাইয়াছে। ১০ লক্ষাধিক একর জমির ফসল ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং ৬ শতাধিক গবাদিপশু প্রাণ হারাইয়াছে।

পাবনার বহু থানায় উদরাময় রোগের প্রাদুর্ভাব

পাবনার এক রিপোর্টে প্রকাশ, বন্যা দেখা দেওয়ায় পাবনার বহু থানায় উদরাময় রোগের প্রাদুর্ভাব ঘটিয়াছে এবং এ পর্যন্ত ৬৮ ব্যক্তি প্রাণ হারাইয়াছে। পাবনার সিভিল সার্জেন এ,পি,পি'র পাবনাস্থ প্রতিনিধিকে জানান যে, বৃহস্পতিবার মধ্যাহ্ন পর্যন্ত ১৪৮ জন উদরাময় রোগীকে হাসপাতালে ভর্তি করা হইয়াছে। সদর হাসপাতালে সদ্য সংযোজিত অতিসার ওয়ার্ডে ক্রমবর্ধমানহারে এই ধরনের রোগী ভর্তি করা হইতেছে। সিভিল সার্জেন জানান যে, রোগীদের শতকরা ৮০ জনই শিশু। তিনি আরও বলেন যে, এই রোগের প্রকোপের অন্যতম প্রধান কারণ হইতেছে অপুষ্টি। বর্তমানে পাবনা শহরের কৃষ্টপুর, ভাড়ামারা ও ডাওডাঙ্গা এবং সাথিয়া ও বেড়া থানায় এই রোগের ব্যাপক প্রকোপ দেখা দিয়াছে। পাবনার ডেপুটি কমিশনার জানান যে, অতিসার ওয়ার্ড হইতে রোগীদের রোগমুক্তির পর শিশুদের পরবর্তী সময়ে রাখার জন্য হোম প্রতিষ্ঠাকল্পে একটি বেসরকারী সংস্থা গঠন করা হইয়াছে। ইতিমধ্যে টিকা ও ইঞ্জেকশনদান অভিযান জোরদার করা হইয়াছে এবং ১৮৩ জন হেলথ এ্যাসিষ্টান্ট দিবারাত্রি কাজ করিয়া চলিয়াছেন। পদ্মা নদীর পানি দ্রুত হ্রাস পাইতেছে। রোডস এ্যাণ্ড হাইওয়েজ বিভাগ ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহের মেরামত শুরু করিয়াছে। অবশ্য অধিকাংশ রাস্তায় এখনও ভারী যানবাহন চলাচল বন্ধ থাকিবে।

রাজশাহীর এক রিপোর্টে প্রকাশ, বন্যা পরিস্থিতির উন্নতি হইতেছে। এই জেলার ২০টি থানা বন্যায় ক্ষতিগ্রস্ত হইয়াছে। বর্ষার পানিতে বহু উঁচু এলাকাও

(শেষ পৃঃ দ্রঃ)

নির্বাচন বাতিল ও অন্তর্বর্তীকালীন সরকার গঠনের আহ্বান

পশ্চিম পাক পি,ডি,পি প্রধান নওয়াবজাদা নসরুল্লাহর সাংবাদিক সম্মেলন

লাহোর, ৩রা সেপ্টেম্বর (এ, পি, পি)—পশ্চিম পাকিস্তান পি, ডি, পি'র সভাপতি নওয়াবজাদা নসরুল্লাহ খান জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচন বাতিল এবং দেশে নূতন নির্বাচন অনুষ্ঠান না করা পর্যন্ত অন্তর্বর্তীকালীন জাতীয় সরকার গঠনের আহ্বান জানান। পি, ডি, পি'র আঞ্চলিক সদর দফতরে এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন যে, দেশপ্রেমিক রাজনীতিকদের নিয়া গঠিত অন্তর্বর্তীকালীন সরকারকে দেশ শাসন এবং সরকারের অন্তর্ভুক্ত বিভিন্ন রাজনৈতিক দলের অর্থ-

(শেষ পৃঃ দ্রঃ)